# বাংলাদেশ কৃষিব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়, রাজবাড়ী।
Email: crmrajbari@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

**বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত অংশীজনের অংশগ্রহণে তৃতীয় ত্রৈমাসিক কমিটির সভায় মতামত ও গৃহীত সিদ্ধান্ত ।**

COVID-19 সংক্রমণ রোধকল্পে স্বাস্থ্যবিধি পরিপালন সর্বোচ্চ অগ্রাধিকার

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজবাড়ী মুখ্য অঞ্চলের অংশীজনের অংশগ্রহণে তৃতীয় ত্রৈমাসিক সভা অদ্য ২৩-০৩-২০২১ ইং তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৫.০০ ঘটিকার সময় মুখ্য আঞ্চলিক কার্যালয়ে মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকের অফিস কক্ষে অনুষ্ঠিত হয় । সকল সদস্য, মুলঘর শাখার ব্যবস্থাপক, একজন মাঠকর্মী ও একজন সম্মানীত গ্রাহকের উপস্থিতিতে সভায় সভাপতিত্ব করেন মোহাঃ আতিকুর রহমান, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, রাজবাড়ী ।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত অংশীজনের অংশগ্রহণে তৃতীয় ত্রৈমাসিক সভায় আলোচনা শেষে নিম্নোক্ত বিষয়/কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

ক) COVID-19 সংক্রমণ প্রতিরোধকল্পে সরকারি স্বাস্থ্য বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক এর প্রধান কার্যালয় ও অত্র কার্যালয় কর্তৃক পত্র নং-৪৮ তারিখ ১৬/০৭/২০ ইং এর মাধ্যমে প্রদত্ত সকল নির্দেশনা অঞ্চলাধীন সকল শাখা/কার্যালয়ে সঠিকভাবে বাস্তবায়ন/পরিপালন করতে হবে এবং অত্র কার্যালয় ও শাখা সমূহের সকল পত্রালাপে "COVID-19 সংক্রমণ রোধকল্পে স্বাস্থ্যবিধি পরিপালন সর্বোচ্চ অগ্রাধিকার" এই বক্তটির ব্যবহার নিশ্চিত করতে পুনঃপরামর্শ দেয়া হলো;

খ) ব্যাংক ব্যবসা সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালনাসহ সম্মানিত গ্রাহকগণের উত্তম সেবা নিশ্চিত করার লক্ষ্যে অত্র কার্যালয় কর্তৃক পত্র নং-৪১২ তারিখঃ ০৯/০৯/২০২০ইং নির্দেশনাসমূহ শাখার দৃশ্যমান স্থানে প্রদর্শন নিশ্চিত করতে হবে। বিশেষ করে ব্যাংক প্রদত্ত নাগরিক সেবা (Citizen Charter) ও সকল প্রকার সেবার মুল্য তালিকা শাখার দৃশ্যমান স্থানে প্রদর্শন করা হয়েছে;

গ) কাজের স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক Hotline (১৬২৩৬), বিকেবি'র নির্বাহীবৃন্দের ফোন নম্বর এবং মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকের মোবাইল নম্বর এবং অভিযোগ বক্স শাখার দৃশ্যমান স্থানে স্থাপন করা হয়েছে।

ঘ) গ্রাহক হয়রানি ও দুর্নীতি নিরসনের জন্য ঋণ নথি প্রক্রিয়াকরণের কাজ ব্যাংক কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। ঋণ গ্রহণে আগ্রহী ব্যক্তির সঙ্গে আলোচনার পর ঋণ যোগ্য বিবেচিত হলে প্রথমেই প্রয়োজনীয় কাগজপত্রের একটি তালিকা ধরিয়ে দিতে হবে। এককেবার একেকটি দলিল/কাগজের জন্য বলা যাবে না বা বারে বারে তাদের পারিবারিক/ব্যবসায়িক/কৃষি কাজের ক্ষতি করে ব্যাংকে আসার জন্য বলা যাবেনা। ঋণের মুল্যযুক্ত ফরম বিক্রয়, ঋণ প্রক্রিয়াকরণ ফি, সিআইবি ফি ইত্যাদি সকল প্রকার ব্যাংক ফি ও ভ্যাট যথাযথ ভাউচারের মাধ্যমে গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত কোন ফি মাঠকর্মীগণ হাতে নগদ গ্রহণ করবেন না। ঋণ মঞ্জুরীর পর দ্রুততম সময়ের মধ্যে দলিলায়ন, বন্ধকী জমির তল্লাশিকরণ কাজ সম্পাদন করতে হবে। দলিলায়নের খরচে স্বচ্ছতা বজায় রাখতে হবে। কোন ভাবে ভুল হিসাব দিয়ে বিভিন্ন অজুহাতে অতিরিক্ত টাকা নেয়া যাবে না।

ঙ) বিকেবি, মুলঘর শাখার সম্মানীত সিসি ঋণ গ্রহীতা জনাব মোঃ শাহজাহান সেখ বলেন আমার পিতা ১৯৮৬ সালে ২৫০০/-টাকা ঋণ নেন কৃষি ব্যাংক থেকে সেই থেকে আজ আমার ঋণের পরিমান ১৪.০০ লক্ষ টাকায় দাড়িয়েছে এতে করে আমি ১০ বিঘা জমি ক্রয় করেছি । বর্তমানে গ্রাহক সেবা পেতে কোন রকম হয়রানির সম্মুক্ষীন হতে হয় না। শাখার সার্বিক কার্যক্রম ও পরিবেশ ভাল।

চ) মুলঘর শাখার ব্যবস্থাপক জনাব মোঃ জিল্লুর রহমান জানান আমার দায়িত্ব গ্রহণ কালে শাখায় সিসি ঋণের সংখ্যা ছিল ১৭টি বর্তমানে ৪৫টি সিসি ঋণ রয়েছে, রেমিট্যান্স বৃদ্ধি পেয়েছে এবং আমানত ৩.০ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে। আশা করি শাখাটি লাভজনক পর্যায়ে উন্নীত করতে পারবো।

**সিদ্ধান্তঃ**

ছ) COVID-19 করোনা ভাইরাস ক্রমশ বৃদ্ধি পাচ্ছে, এ বিষয়ে আরো সচেতন হতে হবে। মাস্ক পরিধান নিশ্চিত করতে হবে এবং হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করতে হবে একই সাথে নিরাপদ দুরুত্ব বজায় রেখে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে হবে।

জ) শাখার রেমিট্যান্স সাইনবোর্ড শাখার সাইনবোর্ডের পাশে লাগতে হবে তা অবশ্যই কৃষি ব্যাংকে প্রদত্ত সকল কোম্পানির লোগো সম্বলিত হতে হবে।

ঝ) শাখায় অবশ্যই পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করতে হবে। যাতে করে শাখায় আগত সকল নির্বাহীগণ পরিদর্শন কালে তাদের মতামত লিপিবদ্ধ করতে পারেন।

| | | | |
|---|---|---|---|
| মোঃ নিয়ামত উল্লাহ<br>সদস্য, আঞ্চলিক নৈতিকতা কমিটি<br>ও<br>উর্দ্ধতন মুখ্য কর্মকর্তা | মোঃ মিজানুর রহমান<br>সদস্য, আঞ্চলিক নৈতিকতা কমিটি<br>ও<br>কর্মকর্তা | রুকাইয়া ইয়াসমীন<br>সদস্য, আঞ্চলিক নৈতিকতা কমিটি<br>ও<br>কর্মকর্তা | মোঃ হাফিজুর রহমান<br>সদস্য সচিব আঞ্চলিক নৈতিকতা কমিটি<br>ও<br>উঃ কর্মকতা |

মোহাঃ আতিকুর রহমান
আহবায়ক, আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-০১ ও ০২ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর (প্রশাসন মহাবিভাগ), বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, ফরিদপুর।
০৫। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ফরিদপুর।
০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, রাজবাড়ী।
০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজবাড়ী মুখ্য অঞ্চল, রাজবাড়ী।
০৯। অফিস নথি।

Scanned with CamScanner